গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নন্দীগ্রাম, বগুড়া।
nondigram.bogra.gov.bd

স্মারক নং - ০৫.৫০.১০৬৭.০০০.১১.০০৬.২৩- ৬৫ (৫০)

তারিখ ঃ ০১ মাঘ ১৪২৯ বঃ / ১৫ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

## সরকারি জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের বিজ্ঞপ্তি

এতদ্বারা নন্দীগ্রাম উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন (২০ একর পর্যন্ত) সরকারি খাসবদ্ধ জলমহাল সমূহ বাংলা ১৪৩০ বঃ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ বঃ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের নিকট থেকে পৃথক পৃথক সীলমোহরকৃত খামে আবেদনপত্র আহবানোর জন্য ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা'র ১৩ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৪৭ নম্বর স্মারকের সিদ্ধান্ত মোতাবেক অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদন Jm.jams.gov.bd-প্রবেশ করে আগামী ২০ জানুয়ারি ২০২৩ খ্রিঃ হতে ০৮ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ পর্যন্ত (০৬ মাঘ ১৪২৯ বঃ সন হতে ২৫ মাঘ ১৪২৯ বঃ সন পর্যন্ত ) ১৪২৯ বঃ সনের মধ্যে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন করতে হবে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনা সিডিউলের আবেদনপত্র অনলাইনে পূরণ এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা প্রদানের সময়সূচি।

ক্যালেন্ডার

| ক্রঃ নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | (০১ মাঘ হতে ০৫ মাঘ (১৫-১৯ জানুয়ারি ২০২৩ খ্রিঃ পর্যন্ত) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নন্দ্রীগাম, বগুড়া কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। | |
| ০২. | ০৬ মাঘ হতে ২৫ মাঘ (২০-০৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ পর্যন্ত) | অনলাইনে ইজারার আবেদন দাখিল। | |
| ০৩. | ২৬ মাঘ থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে (০৯-১৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। | |
| ০৪. | ০৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ) | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টিড কপি যাচাই-বাছাই। | |
| ০৫. | ১৫ ফাল্গুনের মধ্যে (২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। | |
| ০৬. | ২৯ ফাল্গুনের মধ্যে (১৪ মার্চ ২০২৩ খ্রিঃ) | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। | |
| ০৭. | ০৭ চৈত্রের মধ্যে (২১ মার্চ ২০২৩ খ্রিঃ) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। | |
| ০৮. | ২৩ চৈত্রের মধ্যে (০৬ এপ্রিল ২০২৩ খ্রিঃ) | ইজারা গ্রহীতাকে ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকরি করদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। | |
| ০৯. | ১লা বৈশাখ ১৪৩০ বঃ (১৪ এপ্রিল ২০২৩ খ্রিঃ) | ইজরা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। | |

বর্ণিত সিডিউল অনুযায়ী উপজেলা থেকে সাধারণ আবেদনে জলমহাল ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



CamScanner

শর্তাবলীঃ

১। ১৪৩০-১৪৩২ মেয়াদে সকল জলমহালের আবেদন অনলাইনে করতে হবে।

২। Jm.jams.gov.bd-প্রবেশ করে ০৬-২৫ মাঘ, ১৪২৯ বাংলা সনের মধ্যে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন করতে হবে।

৩। ২৬ মাঘ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে।

৪। চূড়ান্তভাবে ইজারাদেশ প্রদান করা ইজারাগ্রহীতাকে নির্ধারিত কোডে ০৩ (তিন) বছরের সমুদয় ইজারামূল্য, ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।

৫। আবেদনকারী মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের উপজেলা মৎস্য অফিসের FIN নাম্বার থাকতে হবে।

৬। সকল সরকারি খাসবদ্ধ জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

৭। বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হয়েছে।

৮। সমবায় অধিদপ্তর বা সমাজ সেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন আবেদন করতে পারবে।

৯। জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সমিতিকে অগ্রাধিকার দেওয়া হবে।

১০। আবেদনকারী মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের গ্রহনের অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য ) কর্তৃক প্রত্যয়ন পত্র , ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠণ/সমিতি ৩ (তিন) বছর মেয়াদে লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্যচাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে। আবেদন পত্রের সাথে দাখিলসহ বিগত ০২ (দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

১১। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, নন্দীগ্রাম, বগুড়া এর অনুকূলে উদ্বৃত মূল্যের ২০% অর্থ বাবদ সোনালী/অগ্রনী ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারা মেয়াদ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১২। আবেদনপত্র অনুমোদন হওয়ারপর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহিতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারী করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টানানো হবে। ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারার জমার খাত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০১৪০/০১১১ নম্বর এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নম্বর কোডে অনলাইনে জমা দিয়ে চালানের মূলকপি নিম্নস্বাক্ষরকারির কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়কর সহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল করে পুনঃরায় ইজারা প্রদান করা হবে।

১৩। ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা দাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক) ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহাল দখল হস্তান্তর করা হবে না।

১৪। ইজারা গ্রহিতা জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহিতা নিশ্চিত করবেন।

১৫। ইজারা গ্রহিতা কোন জলমহাল সাবলীজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেনা। যদি উক্তরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমানিত হয় তবে ইজারা বাতিল করে জলমহাল পুণঃরায় ইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ইজারা গ্রহিতা/সমিতি ০৩ (তিন) বৎসরের মধ্যে আবেদন করতে পারবে না।

১৬। ইজারা গ্রহিতা জলমহাল সীমারেখা বজায় রাখবেন। জলমহাল পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেনা। তিনি নিজ দায়িত্ব ইজারাকৃত জলমহাল সরকারি সম্পত্তি সংরক্ষন করবে।

১৭। ইজারা গ্রহিতা জলমহাল পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবে না।

১৮। কোন সমিতি ইতিপূর্বে লিজ নেয়া জলাশয়ের ইজারামূল্য বকেয়া থাকলে আবেদন ফরম গ্রহণের সময় বকেয়া পরিশোধের চালান কপি জমা দিতে হবে। ইজারামূল্য বকেয়া রেখে/তথ্য গোপন করলে জলমহাল ইজারা প্রাপ্তির যোগ্যতা থাকবেনা।

১৯। ইজারা গ্রহিতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।



CamScanner

২০। বছরের যে কোন সময়ে ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা বছরের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।
২১। যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষন করে।
২২। ইজারাকৃত জলমহালে বিষ প্রয়োগ করে মাছ নিধন করা যাবেনা।
২৩। সরকারি উন্নয়ন পরিকল্পনা কর্মসূচী বাস্তবায়নে যে কোন সময় জলমহালটি সরকারের অনুকূলে নেয়া যাবে।
২৪। কৃষি জমি চাষাবাদের প্রয়োজনে মৎস্য চাষে ব্যাঘাত না ঘটিয়ে পানি ব্যবহারের অনুমতি দিতে হবে।
২৫। ৩০ চৈত্র ১৪৩২ বাংলা তারিখের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারার মেয়াদ শেষ হবে।
২৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি প্রথম জলমহালের ইজারা মূল্য বকেয়া রেখে ২য় জলমহাল ইজারা নিতে পারবেন না।
২৭। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠণ/সমিতি ০২ (দু'টির) অধিক জলমহাল ইজারার/বন্দোবস্ত পাবে না।

১৫/০১/২৩
(শিফা নুসরাত)
উপজেলা নির্বাহী অফিসার
নন্দীগ্রাম, বগুড়া
ও
সভাপতি
উপজেলা সরকারি জলমহাল
ব্যবস্থাপনা কমিটি
নন্দীগ্রাম, বগুড়া।

স্মারক নং - ০৫.৫০.১০৬৭.০০০.১১.০০৬.২৩- ৩৫ (৫০)

তারিখ ঃ ০১ মাঘ ১৪২৯ বঃ
১৫ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ৩৯ বগুড়া-৪।
২। জেলা প্রশাসক, বগুড়া।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নন্দীগ্রাম, বগুড়া।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ......................(সকল), বগুড়া।
৬। সহকারি কমিশনার (ভূমি), নন্দীগ্রাম, বগুড়া। তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। মেয়র, নন্দীগ্রাম পৌরসভা, নন্দীগ্রাম, বগুড়া।
৮। উপজেলা ......................................অফিসার, নন্দীগ্রাম, বগুড়া।
৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নন্দীগ্রাম, বগুড়া বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। চেয়ারম্যান, ....................................(সকল) ইউনিয়ন পরিষদ, নন্দীগ্রাম, বগুড়া। বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ........................, বগুড়া। তাঁকে উক্ত বিজ্ঞপ্তিটি (শর্তাবলী ব্যতীত) পত্রিকায় ভিতরের পৃষ্ঠায় স্বল্প পরিসরে ১ (এক) দিন প্রকাশ অন্তে প্রকাশিত পত্রিকার কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১২। নোটিশ বোর্ড।

১৫/০১/২৩
উপজেলা নির্বাহী অফিসার
নন্দীগাম, বগুড়া



CamScanner